

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।
(প্রশাসন শাখা)

স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.২৭.০০১.১৭-১৭২৯

তারিখঃ ১৯/১২/২০১৭ খ্রি.।

‘আদেশ’

যেহেতু, জনাব মোঃ আব্দুল কাদের, স্টেনোগ্রাফার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সংযুক্ত ঢাকা জোন (সাময়িকভাবে বরখাস্ত) এর বিরুদ্ধে নিয়োগকারী কর্তৃপক্ষের প্রতি ঔদ্ধত্যপূর্ণ ও অসদাচরণের অভিযোগে একটি বিভাগীয় মামলা চালু করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগে অভিযোগ গঠন করে ৩০/০৪/২০১৭ খ্রি. তারিখে ৩৭.০৭.০০০০.০০৮.৪১.০৫০.১৬-৯৬৬ নং স্মারক মূলে কারণ দর্শানো হয়; এবং

২। যেহেতু, ০৯/০৭/২০১৭ খ্রি. তারিখের ৩৭.০৭.০০০০.০০৮.২৭.০০১.১৭-১১১২ নং স্মারক আদেশের মাধ্যমে জনাব মোঃ আব্দুল কাদের, স্টেনোগ্রাফার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সংযুক্ত ঢাকা জোন (সাময়িকভাবে বরখাস্ত)কে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

৩। যেহেতু, উপরোক্ত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত জনাব মোঃ আব্দুল কাদের, স্টেনোগ্রাফার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সংযুক্ত ঢাকা জোন (সাময়িকভাবে বরখাস্ত) গত ২৮/০৬/২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী না চাওয়ায় ও লিখিত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগসমূহ তদন্ত করার জন্য ২০/০৭/২০১৭ তারিখের ৩৭.০৭.০০০০.০০৮.২৭.০০১.১৭-১১৫৯ নং স্মারক মূলে জনাব সুব্রত পাল চৌধুরী, উপ-পরিচালক(অর্থ)কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, উক্ত তদন্ত কর্মকর্তা অভিযোগসমূহ তদন্ত করে ০৩/০৮/২০১৭ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং ৫টি অভিযোগের মধ্যে ৪টি অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্তের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন; এবং

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তার উপরোক্ত তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলার সহিত সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আব্দুল কাদের, স্টেনোগ্রাফার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সংযুক্ত ঢাকা জোন (সাময়িকভাবে বরখাস্ত)কে চাকুরী হতে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং ২৯/১১/২০১৭ তারিখের ৩৭.০৭.০০০০.০০৮.৩৩.০৪৮.১৬-১৬৬৪ নং স্মারক মূলে তার উপর দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় এবং তিনি ১২/১২/২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন; এবং

৬। যেহেতু, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন এবং উহার সহিত সংশ্লিষ্ট কাগজপত্রাদি, দ্বিতীয় কারণ দর্শানোর জবাব পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় জনাব মোঃ আব্দুল কাদের, স্টেনোগ্রাফার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সংযুক্ত ঢাকা জোন (সাময়িকভাবে বরখাস্ত)কে তার কৃত অপরাধের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) অনুযায়ী সরকারী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। এক্ষণে, সেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগে বর্ণিত বিধিমালার ৪ (৩) (ডি) অনুযায়ী জনাব মোঃ আব্দুল কাদের, স্টেনোগ্রাফার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, সংযুক্ত ঢাকা জোন (সাময়িকভাবে বরখাস্ত)কে দোষি সাব্যস্ত করে এতদ্বারা সরকারী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(দেওয়ান মোহাম্মদ হানজালা)

প্রধান প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

প্রাপকঃ

জনাব মোঃ আব্দুল কাদের
স্টেনোগ্রাফার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রধান কার্যালয়, সংযুক্ত- ঢাকা জোন (সাময়িক বরখাস্ত)

অনুলিপিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ০১। উপ-পরিচালক(অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক(প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা জোন।
- ০৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। পি.ও টু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। পি.এ টু পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৯। অফিস কপি।